# হৃদয় জানালা

ভালোবেসে সখি নিভৃতে যতনে আমার নামটি লিখো তোমার মনের মন্দিরে... না, শুধু মনের মন্দিরে নয়। চাইলে লিখতে পারেন হৃদয় জানালার পাতায়... মনের গভীরে গেঁথে থাকা সব ভালো লাগা ভালোবাসার কথা কিংবা অতল গহ্বরে জমে থাকা কষ্টের কথা...

## বিশ্বাসে ঠকেছি শুধু

এক জীবনে মানুষের অনেক কিছু চাওয়ার থাকে। আমার নেই। ছোট ছোট চাওয়া, ছোট ছোট ভালো লাগা, অনুভূতি নিয়ে বেশ আছি। একটা ক্ষুদ্র সমস্যা কোথাও কড়া নাড়লে আমার বুকে সেটা বেজে ওঠে মহা হুঙ্কারে। ভীতু বলবো না আসলে এটা অতি সংবেদশীলতা। নিজের পরিবারটিকে মনে হয় সর্বোচ্চ সুখী পরিবার। আমি খুব অল্পতে সন্তুষ্ট। কখনও বিশাল স্বপ্ন দেখে স্বপ্ন ভঙ্গের কষ্ট পাইনি। আসলে মানুষ অনেক দিন পর্যন্ত ভালো থাকতে পারে না। হঠাৎ কি হয়ে যায়, জীবনের রং পাল্টে যায়। বিধাতা মানুষকে চির-সুখী রাখে না। প্রতিটি মেয়ের মতো চিরাচরিত নিয়মে জীবনকে সাজাতে চাইনি, তাই অনেকের দৃষ্টিতে কিছুটা ব্যতিক্রম কিংবা অস্বাভাবিক। পড়াশোনা শেষ করেছি প্রচন্ড অনীহা নিয়ে। একটা ভালো বই, মজার রান্না আর রাত ৯টা বাজলে নিশ্চিন্তে নিদ্রাদেবীর সঙ্গে ঘুমের রাজ্যে চলে যাওয়া– এটাই আমার সর্বোচ্চ চাওয়া-পাওয়া। আমি খুব সাধারণ মেয়ের পর্যায়ে পড়ি। মোটামুটি চালিয়ে নেয়া যায় আর কি। বাহ্যিক সৌন্দর্যের বিশাল ঐশ্বর্য নেই। মনের ঐশ্বর্যে পরিপূর্ণ পরিতৃপ্ত একজন সুখী মানুষ। খুব বেশি হিসাব করে জীবনকে চালাতে পারিনি বলে অনেকগুলো তপ্ত বৈশাখ কেটে গেছে নির্ভাবনায়। ইদানীং বুঝতে পারি একাকী মানুষ বড়ই নিঃসঙ্গ, তার একজন মানুষ চাই, সুন্দর মনের এক জন মানুষ। যে তার আজীবনের বন্ধু হয়ে পাশে থাকবে। পৃথিবীতে অজস্র মানুষের ভিড়ে আমার চরিত্র এবং মনের সঙ্গে মিল রয়েছে এমন মানুষ পাইনি, তাই একা ভীষণ একা। একটি কথা আমি খুব বিশ্বাস করি 'ভুল সঙ্গীর চেয়ে শূন্য অন্তর অনেক ভালো'—এ আমার সান্ত্বনার বাণী। ভালোবাসি মানুষকে, ভয় পাই মানুষকে, আবার ঘৃণাও করি অসুন্দর মনের মানুষকে। মিথ্যা বলা ও শোনা দুটোই অপছন্দ করি মনে-প্রাণে। একাকিত্ব আমার সবচেয়ে বড় বন্ধু, বিশ্বস্ত প্রেমিকের মতো ভালোবেসে ফেলেছে আমাকে। না, হাল ছাড়িনি। একদিন দেখা মিলবেই আমার কাঙ্ক্ষিত মানুষের সঙ্গে, এ বিশ্বাসটুকু বিধাতার কাছে জমা রেখেছি। আকাশের দিকে তাকিয়ে কপালে বাড়ি দিয়ে কোনো লাভ নেই, ওনার অংকের হিসাব আমাদের বোঝার ক্ষমতার বাইরে। প্রতীক্ষায় চামড়ায় ভাঁজ ফেলে লাভ কি বলুন? বিশ্বাসে ঠকেছি হয়তো কিন্তু কাঁদাইনি কখনো। ভালো লাগলে বিশ্বস্ত মানুষ হিসেবে কাছে পাবেন। মানুষকে শুধু মানুষ হিসেবে দেখতে চাই, তাই বয়স কোনো সম্পর্কের ক্ষেত্রে বাধা বলে মনে করি না। পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে প্রবাস কিংবা স্বদেশ, সমস্যামুক্ত কিংবা সমস্যাগ্রস্ত খোলা মন নিয়ে লিখতে পারেন আমাকে।

**লতা, ১৩১/১-এ ক্রিসেন্ট রোড**
**কাঁঠালবাগান, ঢাকা-১২০৫**

## বিশাল হৃদয় চাই

মানুষ আল্লাহর শ্রেষ্ঠ সৃষ্টি। প্রেম মানব সৃষ্টির শ্রেষ্ঠ উপাদান। প্রেম-ভালোবাসা ছাড়া মনুষ্যত্বের বিকাশ ঘটে না। প্রেমের কারণে পৃথিবীটা এত সুন্দর। প্রেম-ভালোবাসাই মানুষকে পৃথিবীতে সুন্দরভাবে বাঁচতে শেখায়। প্রেম-ভালোবাসার জন্য বিশাল অন্তরের অধিকারী হওয়া যায়। বিশাল অন্তর না থাকলে সার্থক প্রেম সম্ভব হয়ে ওঠে না। ঝগড়া-ফ্যাসাদ ও বিশৃঙ্খলার জন্য মূলত মনের সংকীর্ণতাই দায়ী। এমন কেউ কি আছে, যে আমাকে নিজের মতো করে দেখবে, বিশাল হৃদয় নিয়ে লিখুন।

**সাইয়িদ জামিল, ফার্সি সাহিত্য বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০**

## নিঃস্বার্থ বন্ধুত্ব

মনের গভীরে লুকিয়ে থাকা অনেক না পাওয়া, ব্যর্থতা, বিষণ্নতা ঘিরে রেখেছে আপনাকে। সুতরাং পরাজিত মন নেই, কিছুই করার নেই ভেবে দেবদাস হয়ে বসে আছেন, সারাক্ষণ গান শোনেন, মাঝে মাঝে পড়ার টেবিলে বই খুলে ভালো মনোযোগী student হবার ব্যর্থ চেষ্টা করেন। এরকম পার্বতী আর দেবদাস যারা আছেন তাদের বলছি Please জীবন বেশ ছোট, আমরা ইচ্ছা করলেই সাজাতে পারি আমাদের জীবন।

সুতরাং আসুন বন্ধুত্ব করি, ভাগ করে নিই সব ব্যর্থতা, অবসান হোক অমঙ্গলতার। আসলে আমি চাচ্ছি একটা দল তৈরি করতে। কোনো এক দুপুরে সবাই হাত ধরে বেড়াব একসঙ্গে, ভীষণ ভীষণ মজা করব এরকম ভাবলে যোগাযোগ করবেন নিচের ঠিকানায়। শুধু ঢাকায় যারা থাকেন বয়স ২০ থেকে ২৬-এর মধ্যে এরকম ভদ্র , চরিত্রবান শিক্ষিতরাই আমন্ত্রিত। অনেক শুভেচ্ছা।

**শিরীষ ৩৮৭ মুরাদপুর, হাই স্কুল রোড**
**জুরাইন, ঢাকা-১২০৪**

## কথা রাখে না

পৃথিবীতে মানুষ কারণে-অকারণে কথা দেয় কিন্তু কথা রাখে না, আসলে এমনই হয়। কেন এমন খেলা খেলে মানুষ? এমনকি আত্মবন্ধুও রাখে না। কথার কুন্ডলির প্রভাবে আশার নগর হয় লয়। যারা কথা দেয় তারা কি এসব ভেবে কথা দেয়? নির্দোষ হয় দোষী, নির্মল হয় অনির্মল, তবুও কথা দেয়। কথার লেলিহান থেকে যদি বাঁচতে চাও কথাকে বিশ্বাস করো না। বিস্তার কর নিজের আধিপত্য কাউকে দেবে না কথা। কথার আছে লয় জীবন হয় তলে তলে ক্ষয়। অনেক মানুষ কথা দিয়েছে অনেক রকম কথা। কথা রাখে না এসব এখন প্রথা। এখন আমি কোনো মানুষের কোনো কথাকেই বিশ্বাস করি না। আত্মবন্ধুকে ভালোবাসি মনেপ্রাণে নিঃস্বার্থভাবে কিন্তু তার কথাকেও বিশ্বাস করি না। প্রিয় পাঠক, আপনারা কি কথাকে বিশ্বাস করেন?

**মোঃ রাশেদুজ্জামান (জুয়েল), গ্রাম-কানহর, ডাক-বইলর, ময়মনসিংহ ২২০০**

# চিরকুট

## বন্ধুত্বের স্নিগ্ধ ছোঁয়ায়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র আমি। এই বিভাগের ছাত্র হিসেবে যোগাযোগের তাত্ত্বিক সংজ্ঞাগুলা নিয়েই আমাদের ব্যস্ততা। কিন্তু কার্যকরী যোগাযোগের জন্য প্রয়োজন আন্তঃব্যক্তিক যোগাযোগ নেটওয়ার্ক। ভালোলাগা, ভালোবাসা আর হৃদয়ের অব্যক্ত কথাগুলো ছড়িয়ে পড়বে যোগাযোগের এই বিশাল নেটওয়ার্কের মাধ্যমে। যারা আপন পরিমন্ডলে নিজেকে লুকিয়ে না রেখে ছড়িয়ে রাখতে চান বন্ধুদের মাঝে, আপন ভুবন যারা ভরে রাখতে চান বন্ধুত্বের স্নিগ্ধ ছোঁয়ায়, সেই বিশাল শুভ্র হৃদয়ের মানসীদের সুখ-দুঃখ আর ভালোবাসার সাথী করে বন্ধুত্ব করতে চাই।

**সিজার, রুম নং-২১৯, জিয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০**

### নিঃসঙ্গ সময়ে চাই বন্ধু

'আমি একা, বড় একা। আমার আপন বলে কেউ নেই'। গায়ক যেন এখানে আমার মনের কথাটি সবাইকে জানিয়ে দিয়েছে। কারণ আমার জীবনের প্রতিটি সকাল, প্রতিটি সন্ধ্যা কাটে একাকী নিঃসঙ্গতায়। তাই আমার স্টাডি জীবনের নিঃসঙ্গ সময়গুলোতে সঙ্গ দেয়ার জন্য যে কেউ ডায়াল করুন ০৩১-৬৫৬৬৪৬ অথবা লিখুন—

**আলী রেজা (দিপু), প্রযত্নে : দিদারুল ইসলাম, (মার্কেটিং এক্সিকিউটিভ), এবি নেটওয়ার্ক লিমিঃ, নাহার ম্যানশন (৩য় তলা), ১১৬ সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্টগ্রাম**

### কোনো হৃদয়ের ছোঁয়া পেতে?

সবার জন্য শুভেচ্ছা এবং আমার এ সামান্য লেখার প্রতি আপনার মূল্যবান সময় ও চোখ বোলানোর জন্য আমার সার্থকতা। পৃথিবীর সবাই কিছু না কিছু চায় আমিও তার ব্যতিক্রম নই। আমি চাই কোনো তুলার মত শুভ্র কোন হৃদয়ে যেখানে থাকবে ভালোবাসা, ভদ্রতা, বিচক্ষণার প্রভাব যার প্রতাপে সুন্দর শান্তি রচিত হবে কোনো সংসার, সমাজ, জাতি, দেশ। কিন্তু আছে কি? পৃথিবী যেহেতু বৈচিত্র্যময় তারই ক্রমধারায় পৃথিবীর মানুষ বৈচিত্র্যময়। আর আমি এই বৈচিত্র্যময়তার ব্যাপকতার মাঝ থেকে কোনো স্বপ্নিল বন্ধু বান্ধবীকে লেখার আহবান করছি। যে দিতে পারবে কোনো নিখাদ হৃদয়ের স্পর্শ। লিখুন—

**মোঃ রিপন শেখ, গ্রাম : গোবিন্দপুর, বাগেরহাট , মোড়েলগঞ্জ**

### শিউলী

দীর্ঘদিন তোমার চিঠি পাচ্ছি না। এদিকে আমিও তোমাকে চিঠি দিতে পারছি না কারণ তোমার নতুন ঠিকানা জানি না। আমি ঢাকার হোম ইকোনোমিক্স শিল্পকলা বিভাগের ছাত্রী শিউলীকে বলছি। তুমি চট্টগ্রাম পরপর দু'দিন ফোন করেছিলে। কিন্তু তখন আমি বাড়িতে ছিলাম না। তুমি বলেছ বাড়ি থেকে ঢাকায় এসে চিঠি দেবে। চিঠি অবশ্যই কক্সবাজারের ঠিকানায় দেবে। সাপ্তাহিক ২০০০-এর মাধ্যমে তোমার আমার পরিচয়। তাই আবারও সাপ্তাহিক ২০০০-এর হৃদয় জানালার আশ্রয় নিলাম।

**দিদার, কক্সবাজার**

### তোমায় যুদ্ধ করে...

তোমায় যুদ্ধ করে জিতে না নিয়ে/ ভুল করেছি ভালোবেসে জিতে নিতে চেয়ে/ ভালোবাসার জয় সর্বত্রই হয় / কিন্তু শুধু তোমার কাছে নয়/ এ কথাটি আগে না বুঝে/ ভুল করেছি তোমায় ভালোবেসে/ এখন আমার ভালোবাসা কাঁদে/ হৃদয় মাঝে যুদ্ধ অনল জ্বলে/ কিন্তু, যুদ্ধ করার সময় এখন গত/ ভালোবেসে আমি পরাজিত।

**আবুল কালাম আজাদ, এইচ/১৭, বিজি প্রেস কোয়ার্টার, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮**

### বিয়ে বিশ বছর

শাহরিয়ার হাসন শাহেদ, অবাক লাগে তোমার-আমার জীবনের কোথা দিয়ে বিশটি বছর চলে গেল! মনে হয় এই তো সেদিন তোমার-আমার পরিচয়!

**ফরিদা হাসন মিতু**

**সুবর্ণ কুঞ্জ, চট্টগ্রাম**

### একটি চিঠি কি পাবো

বন্ধুত্ব আমাকে বরাবরই আকৃষ্ট করে। কিন্তু ক্যাডেট কলেজের বন্দী জীবনে অচেনা কারো সাথে বন্ধুত্ব করা হয়ে ওঠে না। আর এ জন্যই সাপ্তাহিক ২০০০-এর উদ্দেশে আমার এ লেখা। এর মাধ্যমে বরিশালের ধিয়া, ঢাকার রুমানার মত বুদ্ধিমতী কিংবা খোলা মনে যে কেউ লিখতে পার। আমার ঠিকানা দেখে হয়ত বা ভাবছ কলেজের ঠিকানা দিলাম না কেন? কিছু কিছু সমস্যা থেকে যায় যা কেবল চিঠির মাধ্যমেই লেখা যায়। তাই আমি কি সেরকম সুন্দর মনের অধিকারী কারো কাছ থেকে একটি চিঠি আশা করতে পারি?

**রিপন, প্রযত্নে : আবুল হাশিম প্রধানীয়া, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ**

### ভালোবাসা চাই

আমার জীবনটা বড় নিঃসঙ্গ, বড় একা, এ একাকিত্ব আমাকে প্রতিনিয়ত দংশন করে। সারাদিন কাজ করে যখন রুমে ফিরি, তখন নিজেকে খুবই অসহায় মনে হয়। তাই আমার একাকিত্ব ঘোচাতে একজন ভালোবাসার মানুষের প্রয়োজন। যার পরশে তপ্ত মরুর বুকে বইবে সুশীতল হিমেল হাওয়া। লিখবেন কি কেউ আমাকে?

**Harun Mehedee, Sir June co Ltd., 602-7, Sunggok-Dong, Ansan City, Kyungki-Do, South Korea, Phone No-019-8182115**

### আমাদের কথা

আমরা দু'বান্ধবী। একজন অনার্স দ্বিতীয় বর্ষ, অন্যজন B.S.S পরীক্ষার্থী। দু'জনেই বিয়ে করতে চাই। আপনাদেরকে অবশ্যই কর্মজীবী হতে হবে। শুধুমাত্র রংপুর জেলার ছেলেদের জন্য প্রযোজ্য। যারা আগ্রহী তারা ২০০০ পত্রিকায় নাম, ঠিকানা লিখতে পারেন।

**জেসি, লিমা, রংপুর**